# মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম পরিচ্ছেদ: হজ ও উমরায় নারীর বিশেষ বিধান

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১৫. তাওয়াফে ইফাদার পর ঋতুমতী হলে বিদায়ী তাওয়াফ রহিত হয়:

নারী যদি তাওয়াফে ইফাদার পর ঋতুমতী হয়, তাহলে যখন ইচ্ছা সে বাড়ি ফেরার উদ্দেশ্যে সফর করবে, তার থেকে বিদায়ী তাওয়াফ রহিত। কারণ, আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা বলেন:

«حاضت صفية بنت حيي بعدما أفاضت، قالت: فذكرت ذلك لرسول الله صلى الله عليه وسلم، فقال: أحابستنا هي ؟ قلت: يا رسول الله إنها قد أفاضت وطافت بالبيت، ثم حاضت بعد الإفاضة، قال: فلتنفر إذن»

“সাফিয়া বিনতে হুয়াই তাওয়াফে ইফাদার পর ঋতুমতী হলো, তিনি বলেন: আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বিষয়টা জানালাম, তিনি শুনে বললেন: সে কি আমাদেরকে আটকে রাখবে? আমি বললাম: হে আল্লাহর রাসূল, সে তাওয়াফে ইফাদাহ করেছে তারপর ঋতুমতী হয়েছে, তিনি বলেন: তাহলে যাত্রা করুক”।[1]

ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন:

«أمر الناس أن يكون آخر عهدهم بالبيت إلا أنه خفف عن المرأة الحائض»

“মানুষদেরকে নির্দেশ প্রদান করা হলো যেন তাদের সর্বশেষ কাজ হয় বিদায়ী তওয়াফ, তবে এটা তিনি ঋতুমতী নারী থেকে শিথিল করেন”।[2]

তার থেকে আরো বর্ণিত:

«أن النبي صلى الله عليه وسلم رخص للحائض أن تصدر قبل أن تطوف بالبيت إذا كانت قد طافت في الإفاضة»

“নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঋতুমতী নারীকে ছাড় দিয়েছেন বিদায়ী তাওয়াফ ছাড়াই সে বাড়ি ফিরবে, যদি তাওয়াফে ইফাদাহ সম্পন্ন করে”।[3]

ইমাম নাওয়াওয়ী রহ. ‘আল-মাজমু’: (৮/২৮১) গ্রন্থে বলেন: ইবনুল মুনযির বলেন: সাধারণ আহলে ইলমগণ এ কথাই বলেছেন, যেমন মালিক, আওযা‘ঈ, সাউরি, আহমদ, ইসহাক, আবু সাউর ও আবু হানিফা প্রমুখ। সমাপ্ত।

ইবন কুদামাহ ‘আল-মুগনি’: (৩/৪৬১) গ্রন্থে বলেন: এটা সমকালীন সকল ফকিহর অভিমত। তিনি আরো বলেন: নিফাসের নারীদের বিধান ঋতুমতী নারীদের মতো। কারণ, কোনো বিধান রহিত ও ওয়াজিব হওয়ার ক্ষেত্রে হায়েযের নারী নিফাসের নারীর মতো। সমাপ্ত।

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ১৬৭০; আবু দাউদ, হাদীস নং ২০০৩; ইবন মাজাহ, হাদীস নং ৩০৭২; আহমদ:

(৬/৮২); দারেমী, হাদীস নং ১৯১৭
[2] সহীহ বুখারী, হাদীস নং ১৬৬৮; সহীহ মুসলিম, হাদীস নং ১৩২৮; আহমদ: (৬/৪৩১); দারেমী, হাদীস নং ১৯৩৪
[3] সহীহ মুসলিম, হাদীস নং ১৩২৮; আহমদ: (১/৩৭০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14728

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন